



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
গৌরীপুর, ময়মনসিংহ



doict.gouripur.mymensingh.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.৬১২৩.০০১.২৫.০০১.২৪-১৫

তারিখ: ২৬ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০৯ মে ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের জন্য আবেদন আহ্বান।

ডিজিটাল বাংলাদেশকে স্মার্ট বাংলাদেশে রূপান্তরের মাধ্যমে অর্থনৈতিক, সামাজিক উন্নয়ন এবং দেশের মানব সম্পদকে বিশ্বমানের হিসেবে গড়ে তোলার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় বেকার যুবক/যুব মহিলাদের কর্মসংস্থানের নিমিত্ত গৌরীপুর উপজেলায় ৩৫ দিনব্যাপী মোট ১০৫ ঘণ্টার ডিজিটাল মার্কেটিং ও গ্রাফিক্স ডিজাইন বিষয়ে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কার্যক্রম সম্পূর্ণ বিনামূল্যে পরিচালনা করা হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। আবেদন লিংক **ডিজিটাল মার্কেটিং:** <https://training.gov.bd/35wxHG> **গ্রাফিক্স ডিজাইন:** <https://training.gov.bd/NIawSS>। বিস্তারিত জানার জন্য ভিজিট করুন <https://gouripur.mymensingh.gov.bd> ও <https://doict.gouripur.mymensingh.gov.bd> অথবা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, গৌরীপুর, ময়মনসিংহ এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

কোর্সের নামঃ ডিজিটাল মার্কেটিং ও গ্রাফিক্স ডিজাইন

আবেদনপত্র অনলাইনে জমা দেয়ার শেষ তারিখঃ ১৬ মে ২০২৪, রাত ১১:৫৯ ঘটিকা

আনলাইন আবেদন লিংকঃ ডিজিটাল মার্কেটিং: <https://training.gov.bd/35wxHG> গ্রাফিক্স ডিজাইন: <https://training.gov.bd/NIawSS>

প্রশিক্ষার্থীর যোগ্যতা:

- ১৮-৩৫ বছর বয়সী গৌরীপুর উপজেলার নাগরিক হতে হবে।
- নূন্যতম এইচ.এস.সি পাশ ও ইংরেজীতে দক্ষ হতে হবে।
- বেসিক আইসিটি, এম.এস.ওয়ার্ড, এক্সেল, ফটোশপ/ইলাস্ট্রেটর ও কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।
- ফ্রিল্যান্সিংকে পেশা হিসেবে গ্রহণ করতে ইচ্ছুক এবং নিজস্ব ল্যাপটপ আছে এমন প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন।
- ফ্রিল্যান্সিং এ আগ্রহী ও মনযোগী এবং ৩৫(পঁয়ত্রিশ) দিনের প্রশিক্ষণের নিরবচ্ছিন্নভাবে সময় দিতে সক্ষম হতে হবে।

প্রশিক্ষণের সুবিধাসমূহঃ

- প্রশিক্ষার্থীদের অভিজ্ঞ ফ্রিল্যান্সারদের তত্ত্বাবধানে প্রশিক্ষণের সুযোগ রয়েছে।
- সফলভাবে প্রশিক্ষণ সম্পন্ন হলে পর সার্টিফিকেট প্রদান করা হবে।
- মার্কেটপ্লেসে আউটসোর্সিং করে বৈদেশিক মুদ্রা আয়ের সুযোগ তৈরি হবে।

শর্তাবলিঃ

- প্রশিক্ষণের জন্য অনলাইনে আবেদন করতে হবে।
- প্রশিক্ষার্থীদের কোন প্রকার প্রশিক্ষণ ভাতা এবং টিএ/ডিএ প্রদান করা হবে না।
- আবেদনকৃত প্রশিক্ষার্থীদের নির্ধারিত তারিখ ও সময়ে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- প্রশিক্ষার্থীদের গৌরীপুর উপজেলার বাসিন্দা হতে হবে।
- একজন প্রশিক্ষার্থীকে একটি কোর্সের জন্য আবেদন করতে হবে।
- কর্তৃপক্ষ যে কোন বিষয়ে পরিবর্তন, পরিবর্ধন বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

তারিখঃ ০৯-০৫-২০২৪ খ্রিস্টাব্দ
(মোহাম্মদ আবুল কালাম আজাদ)

সহকারী প্রোগ্রামার
গৌরীপুর, ময়মনসিংহ

ও

সদস্য সচিব

প্রশিক্ষার্থী বাছাই ও মূল্যায়ন কমিটি